

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৯৫৯(আগরতলা ২। ১২)
অমরপুর, ২ ডিসেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা
অমরপুর ব্লক কার্যালয়ে সুশাসন শিবির

অমরপুর ব্লক কার্যালয় প্রাঙ্গণে সম্পত্তি বিকশিত ভারত সংকল্প যাত্রায় সুশাসন শিবির অনুষ্ঠিত হয়। শিবিরের উদ্বোধন করেন বিধায়ক রঞ্জিত দাস। উপস্থিতি ছিলেন অমরপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান মন্টি দেবনাথ রহদাপাল ও ভাইস চেয়ারম্যান শঙ্করানন্দ সাহা, বিএসসি চেয়ারম্যান রবিত্র জমাতিয়া, মহকুমা শাসক প্রশান্ত বাদল নেগী, বিডিও উৎপল দাস প্রমুখ। শিবির উপলক্ষে বিভিন্ন দপ্তর ও স্বসহায়ক দলের পক্ষ থেকে প্রদর্শনী স্টল খোলা হয়। শিবিরে ৪। জন কৃষককে ধানের বীজ সংরক্ষণ পাত্র, ৪ জনকে গাঁদা ফুলের বীজ, ৪ জনকে কনিজাল, ১২ জনকে বিভিন্ন প্রকল্পে খাল পাওয়ার আবেদনপত্র বিলি করা হয়। প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে সংশ্লিষ্ট এলাকার প্রায় ১,২০০টি গৃহপালিত পশু ও পাখির জন্য বিনামূল্যে ঔষধ দেওয়া হয়।
